

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

এফ.ই. সার্কুলার নং-৩৮

তারিখঃ ১৩ নভেম্বর, ২০১৭

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংক ও

লাইসেন্সধারী সকল মানিচেঞ্জার প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,


এফএমজে(FMJ) ফরম সংশোধন প্রসঙ্গে।

১৫ অক্টোবর, ২০১৭ তারিখের এফইপিডি সার্কুলার নং-৩৭ এর মাধ্যমে বিদেশ হতে বাংলাদেশে আগমনকালে এবং বাংলাদেশ হতে বহির্গমনকালে বহনযোগ্য বাংলাদেশী কারেন্সির পরিমাণ মাথাপিছু টাকা ৫,০০০/- (পাঁচ হাজার) হতে টাকা ১০,০০০/- (দশ হাজার) এ উন্নীত করা হয়েছে। তদপ্রেক্ষিতে এফএমজে ফরমে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। সংশোধিত এফএমজে ফরমের নমুনা (যাত্রী কপি) এতদসংযুক্ত করা হলো।

সংশ্লিষ্ট সকল পক্ষকে উল্লিখিত বিষয়টি অবহিত করবেন।

সংযোজনীঃ- বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ শহিদুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ-৯৫৩০৬২৫

বৈদেশিক মুদ্রার ঘোষণা ফরম
(FOREIGN EXCHANGE DECLARATION FORM)

এফএমজে ফরম

FMJ FORM

(১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন এর ৮(১) ধারা অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত)

(Prescribed by Bangladesh Bank Under Section 8(1) of the Foreign Exchange Regulation Act, 1947)

এই ফরমটি বাংলাদেশে আগমনকারী ব্যক্তি কর্তৃক পূরণ করিতে হইবে।

This form is to be filled in by a person entering Bangladesh.

পূর্ণ নাম

(Full Name):

জাতীয়তা

(Nationality)

পাসপোর্ট নং

(Passport No)

ইস্যুর তারিখ

(Date of Issue)

ইস্যুর স্থান

(Place of Issue):

আগমনের তারিখ ও সময়

(Date & time of arrival)

ফ্লাইট নম্বর

(Flight No.)

বাংলাদেশে ঠিকানা

(Address in Bangladesh)

বিদেশে অবস্থানের মেয়াদ

(Duration of stay in abroad)

পেশা

(Profession)

যোগাযোগ নম্বর

(Contact No)

ঘোষণা

DECLARATION

সঙ্গে আনীত নগদ বৈদেশিক মুদ্রা এবং হস্তান্তরযোগ্য বাহকের দলিল (ড্রাফট, পে অর্ডার, ট্রাভেলারস চেক ইত্যাদি) / Cash and negotiable bearer instruments in foreign currency (drafts, pay orders, traveler's cheques etc) brought in:

বৈদেশিক মুদ্রার বর্ণনা (Description of Foreign Currency)	পরিমাণ (Amount)	কথায় (In words)

আমি নিম্নস্বাক্ষরকারী, এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যসমূহ সঠিক।

(I, the undersigned, hereby solemnly declare that the information given above is correct.)

শুষ্ক কর্মকর্তার স্বাক্ষর

Signature of Customs Official

তারিখ

ঘোষণাকারীর স্বাক্ষর

Signature of Declarant :

তারিখ

Information for Declarant
(ঘোষণাকারীর জন্য জ্ঞাতব্য)

1. An incoming/outgoing passenger may bring in/take out upto Taka 10,000/= (ten thousand) in Bangladesh currency at the time of arrival into/departure from Bangladesh.

১। বাংলাদেশে আগমন/বাংলাদেশ হইতে বহির্গমনকালে কোন ব্যক্তি বাংলাদেশী মুদ্রা অনধিক ১০,০০০/= (দশ হাজার)টাকা আনিতে/লইয়া যাইতে পারিবেন।

2. Any amount of foreign currency may be brought in by an incoming passenger with declaration to the customs authorities in Form FMJ. No declaration, however, is necessary for amounts brought in upto US\$ 5000/= or equivalent. For a foreigner, the entire amount brought in with declaration or upto US\$ 5000/= brought in without declaration may be taken out freely at the time of departure. Upto US\$ 5000/= brought in without declaration by a Bangladeshi may also be retained and taken out freely while proceeding abroad. Amount in excess of US\$ 5000/= brought in by the resident Bangladeshis, should, however, be encashed or deposited in appropriate foreign currency account within 30 days of arrival. Such amounts brought in by non-resident Bangladeshis can be encashed or deposited in foreign currency account any time after return to Bangladesh.

২। শুল্ক কর্তৃপক্ষের নিকট এফএমজে ফরমে ঘোষণা প্রদান করিয়া যে কোন পরিমাণ বৈদেশিক মুদ্রা বাংলাদেশে আগমনকালে সংগে আনা যাইতে পারে। তবে আনীত বৈদেশিক মুদ্রার পরিমাণ অনধিক মাঃডঃ ৫০০০/= বা সমতুল্য হইলে শুল্ক কর্তৃপক্ষের নিকট ঘোষণা প্রদান আবশ্যিক হইবে না। বিদেশী গণের ক্ষেত্রে ঘোষণা প্রদান করিয়া আনীত সমুদয় বৈদেশিক মুদ্রা এবং ঘোষণা প্রদান ব্যতিরেকে আনীত অনধিক মাঃডঃ ৫০০০/= বাংলাদেশ ত্যাগকালে অবাধে প্রত্যাবাসনযোগ্য হইবে। ঘোষণা প্রদান ব্যতিরেকে আনীত অনধিক মাঃডঃ ৫০০০/= বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রেও সংগে রক্ষণযোগ্য এবং বাংলাদেশ হইতে বহির্গমনকালে সংগে বহনযোগ্য হইবে;এতদিরিক্ত যে কোন অংক নিবাসী বাংলাদেশীদেরক্ষেত্রে বাংলাদেশে আগমনের ৩০ দিনের মধ্যে টাকায় ভাঙ্গাইতে/প্রযোজ্য ধরনের বৈদেশিক মুদ্রা হিসাবে জমা করিতে হইবে। অনিবাসী বাংলাদেশী কর্তৃক আনীত এইরূপ অংক বাংলাদেশে ফেরত আসিবার পর যে কোন সময় টাকায় ভাঙ্গাইতে পারিবেন অথবা বৈদেশিক মুদ্রা হিসাবে জমা করিতে পারিবেন।

3. Encashment of foreign exchange brought in should be done with licensed money changers/ Authorized Dealer bank branches.

৩। সংগে আনীত বৈদেশিক মুদ্রা টাকায় নগদায়ন লাইসেন্স প্রাপ্ত মানিচেঞ্জার/অনুমোদিত ডিলার ব্যাংক শাখার মাধ্যমে সম্পাদন করিতে হইবে।

4. An incoming/outgoing adult female passenger may bring in/take out any quantity of personal jewellery worn on her person or as part of her accompanying personal baggage.

৪। বাংলাদেশে আগমন/বাংলাদেশ হইতে বহির্গমনকালে কোন প্রাপ্ত বয়স্কা মহিলা যাত্রী স্বীয় পরিধানে অথবা ব্যক্তিগত ব্যাগেজের অংশরূপে যে কোন পরিমাণ ব্যক্তিগত অলংকারাদি সংগে আনিতে/লইয়া যাইতে পারিবেন।